

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা
বিজ্ঞপ্তি

তারিখ : ২৯ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৩ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ।

নং ০১ (মু: প্র:)—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৯ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৩ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০১, ২০২৪

Bangladesh Bank Order, 1972 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যপূরণকল্পে Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

(২২৯৯৯)

মূল্য : টাকা ৪.০০

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ Bangladesh Bank (Amendment) Ordinance, 2024 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **P.O. No. 127 of 1972 এর Article 10 এর সংশোধন।**—Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর Article 10 এর clause (5) এর প্রান্তস্থিত কোলন “:” চিহ্নের পরিবর্তে ফুলস্টপ “.” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং proviso বিলুপ্ত হইবে।

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব (রুটিন দায়িত্ব)।